

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

www.dme.gov.bd

স্মারক নংঃ ৫৭.২৫.০০০০.০০৩.০১৩.১৬.- ৮-১৫

তারিখঃ ২৬.১০.২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ লক্ষীপুর জেলার রামগতি উপজেলাধীন চর আলেকজান্ডার কামিল মাদরাসার সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ ওমর ফারুক (সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ) এর বিরুদ্ধে আরোপিত সাময়িক বরখাস্ত আদেশ আইনানুগ হয়নি মর্মে উল্লেখক্রমে এর স্বপক্ষে দফাওয়ারি যুক্তি প্রদর্শনপূর্বক আইন বহির্ভূত কার্যক্রম বন্ধের জন্য মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় বরাবর দাখিলকৃত আবেদনটি নিষ্পত্তির লক্ষ্যে জনাব ওমর ফারুক (সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ) কর্তৃক আবেদনে উল্লিখিত দফাওয়ারি যুক্তি বিষয়ে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ও সভাপতি, চর আলেকজান্ডার কামিল মাদরাসা এর দফাওয়ারি মতামত পাওয়া প্রসঙ্গে।

সূত্র (১) জেলা প্রশাসক, লক্ষীপুর এর কার্যালয়ের স্মারক নং-০০.০০.৫১০০.০০.০০০.২০১৭-০২/০২/১

তারিখঃ ১২.০১.২০১৭ খ্রিঃ।

(২) চর আলেকজান্ডার কামিল মাদরাসার অধ্যক্ষ (সাময়িক বরখাস্তকৃত) কর্তৃক মাননীয় শিক্ষা মন্ত্রী বরাবর আবেদন

তারিখঃ ০৩.০৫.২০১৭ খ্রিঃ।

(৩) টিএমইডি এর অডিট ও আইন শাখার স্মারক নং- ৫৭.০০.০০০০.০৬৬.০০৩.০০৩.১৭-৩০৫

তারিখঃ ০৬.০৬.২০১৭ খ্রিঃ।

(৪) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৪.০৪.০০১.১৭.৪

তারিখঃ ২৬.০৯.২০১৭ খ্রিঃ।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১ নং স্মারক মূলে লক্ষীপুর জেলার রামগতি উপজেলাধীন চর আলেকজান্ডার কামিল মাদরাসার অধ্যক্ষকে সাময়িক বরখাস্তের আদেশদানের বিরুদ্ধে প্রতিকার চেয়ে সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ ওমর ফারুক কর্তৃক “লক্ষীপুর জেলার রামগতি উপজেলাধীন চর আলেকজান্ডার কামিল মাদরাসার সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব ওমর ফারুককে স্বপদে পুনর্বহালকরণ প্রসঙ্গে” শিরোনামে একখানা আবেদন শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় শিক্ষা মন্ত্রী বরাবর {সূত্র নং (২) মূলে} দাখিল করা হয়।

০২. আবেদনকারীর আবেদন বিষয়ে (চর আলেকজান্ডার কামিল মাদরাসার সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ ওমর ফারুককে স্বপদে পুনর্বহাল) এ অধিদপ্তরের মতামতসহ একটি প্রস্তাব প্রেরণের জন্য সূত্রে বর্ণিত (৩) স্মারকের মাধ্যমে নির্দেশনা দেয়া হয়েছে।

০৩. উপরিউক্ত নির্দেশনা অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত লক্ষীপুর জেলার রামগতি উপজেলাধীন চর আলেকজান্ডার কামিল মাদরাসার সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ ওমর ফারুক এর আবেদনে বর্ণিত দফাওয়ারি বক্তব্যের বিষয়ে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), লক্ষীপুর ও সভাপতি, রামগতি উপজেলাধীন চর আলেকজান্ডার কামিল মাদরাসা এর দফাওয়ারি মতামত আবশ্যিক।

০৭. এমতাবস্থায় চর আলেকজান্ডার কামিল মাদরাসার সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ ওমর ফারুক কর্তৃক সাময়িক বরখাস্ত আদেশের বিষয়ে প্রদত্ত দফাওয়ারি জবাবের আলোকে দফাওয়ারি মতামত এবং সূত্রে বর্ণিত (৪) নং স্মারকের আলোকে মতামত (১৪.১১.১৭ খ্রিঃ মধ্য) প্রদানের জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), লক্ষীপুর ও সভাপতি, রামগতি উপজেলাধীন চর আলেকজান্ডার কামিল মাদরাসা কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। কার্যক্রম গ্রহণের সুবিধার্থে সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ ওমর ফারুক এর দফাওয়ারি বক্তব্যের কপি এবং সূত্রে বর্ণিত (৪) নং স্মারকের কপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

বর্ণনামতে - ১৬ ফর্দ।


26.10.17
(মোঃ আফাজ উদ্দীন)
সহকারী পরিচালক (সরঃ ও সিনিঃ মাদরাসা)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
ফোন নং- ৯৩৪৫৮৮০
ই-মেইল-dgdmeb@gmail.com

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), লক্ষীপুর ও সভাপতি, চর আলেকজান্ডার কামিল মাদরাসা।

অনুলিপি:

১. সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা

২. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ধানমন্ডি, ঢাকা।

৪. জনাব মোঃ ওমর ফারুক, পিতা: মরহুম- হাবিবুর রহমান, গ্রাম: আলেকজান্ডার দায়রা বাড়ী, ডাক: চর আলেকজান্ডার, উপজেলা: রামগতি: জেলা: লক্ষীপুর।

৫. অফিস কপি।